

০৬

## কৃষি বিশ্ববিদ্যালয়ে দু'দিনব্যাপী সমাপনী অনুষ্ঠান

।। সুদীপ্ত দাস ।।

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে (ময়-মনসিংহ)।- সম্প্রতি বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত হয়ে গেল ১৯৮৯-৯০ সেশনের সমাপনী উৎসব। আনন্দমুখর পরিবেশে অনুষ্ঠিত এ উৎসব ২৬শে অক্টোবর সকালে বিশ্ববিদ্যালয়ের শিল্পাচার্য জয়নুল আবেদীন মিলনায়তনের মুক্তমাঠে উদ্বোধন করেন উপাচার্য শাহ মোহাম্মদ ফারুক। এতে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত হয়ে কৃষিবিদ ইন্সটিটিউশনের মহাসচিব জাভেদ ইকবাল বক্তব্য রাখতে গিয়ে কৃষিবিদদের অধিকার আদায়ের সংগ্রাম আরো জোরদার করার কথা বললে মুহূর্তে করতালিতে ফেটে পড়ে ক্যাম্পাস।

কৃষিবিদ জাভেদ ইকবাল আরো ঘোষণা দেন, বিশ্ববিদ্যালয়ের প্রতিটি অনুষদ থেকে প্রথম শ্রেণীতে প্রথম স্থান অধিকারীদের কৃষিবিদ ইন্সটিটিউটের পক্ষ থেকে স্বর্ণপদক প্রদান করা হবে। উদ্বোধনী অধিবেশনে সভাপতিত্ব করেন উৎসবের আহ্বায়ক মোজাম্মেল হক খোকন।

এরপর বিশ্ববিদ্যালয়ের আমতলা থেকে রঙ-বেরঙের পোশাক পরে ছাত্রছাত্রীরা বের করে এক বর্ণাঢ্য র্যালি। ঘোড়া গাড়িতে সেনাপতি (প্রদীপ)'র প্রহরায় রাজা (অভি) ও রানী (রুমানা)'র নেতৃত্বে র্যালিটি পুরো ক্যাম্পাস প্রদক্ষিণ করে। বাদ্যযন্ত্রের আওয়াজ এবং নাচ-গান এ সময় মুখরিত করে রাখে ক্যাম্পাস।

র্যালিশেষে রোটারাট ক্লাবের ব্যব-

স্থাপনায় বেঙ্ঘায় রক্তদান করে ছাত্রছাত্রীরা। এর উদ্বোধন করেন মোজাম্মেল হক খোকন।

সন্ধ্যায় অনুষ্ঠিত হয় সাংস্কৃতিক অনুষ্ঠান। প্রচলিত নাচ-গানের পাশাপাশি দৃষ্টি আকর্ষণ করেছিল ফ্যাশন শো। পরে অনুষ্ঠিত হয় শাকি কুপন ডা।

পরের দিন পরিচালিত হয় বৃক্ষরোপণ কর্মসূচী। এর আওতায় শাহজালাল হলের বিভিন্ন ব্লকে ৮০টি বিভিন্ন গাছের চারা রোপণ করা হয়।



কৃষি বিশ্ববিদ্যালয় : সমাপনী উৎসবে বৃক্ষরোপণ করছেন কৃষিবিদ ইন্সটিটিউশনের মহাসচিব কৃষিবিদ জাভেদ ইকবাল। —সংবাদ



কৃষি বিশ্ববিদ্যালয় : সমাপনী উৎসবে সখা-সখী সমিতিব্যাহারে রাজা-রানীর র্যালি। —সংবাদ